মুজিবনগরে হাম-রুবেলা নিয়ন্ত্রণে টিকাদান ক্যাম্পেইনের উদ্বোধন

মুজিবনগর উপজেলায় হাম-রুবেলা নিয়ন্ত্রণে বিশেষ টিকাদান ক্যাম্পেইনের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০টায় ভবেরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ কর্মসূচির উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্যাম্পেইনের উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল হুদা।

এসময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আসাদুজ্জামান এবং উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাফিজুর রহমান।

অনুষ্ঠানে প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের টিকা প্রদান ও টিকা কার্ড বিতরণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করা হয়।

উল্লেখ্য, দেশব্যাপী হামের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে সারাদেশের ন্যায় মুজিবনগর উপজেলায়ও ২০ এপ্রিল থেকে ১০ মে পর্যন্ত (ছুটির দিন ও নিয়মিত ইপিআই টিকাদান দিবস ব্যতীত) বিশেষ ক্যাম্পেইনের মাধ্যমে ৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের হাম-রুবেলা টিকা প্রদান করা হবে।

মুজিবনগর উপজেলায় মোট ৮,২২১ জন শিশুকে এই ক্যাম্পেইনের আওতায় আনা হয়েছে। এর মধ্যে প্রি-প্রাইমারি পর্যায়ের ১,৮৮৯ জন এবং কমিউনিটি পর্যায়ের ৬,৩২২ জন শিশু রয়েছে। পর্যায়ক্রমে সকল শিশুকে টিকা প্রদান করা হবে।

গাংনীতে ডাচ-বাংলা এজেন্ট ব্যাংকের জনসচেতনতামূলক বিশেষ ক্যাম্পেইন

মেহেরপুরের গাংনী উপজেলায় গ্রাহক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিশেষ ক্যাম্পেইন করেছে ডাচ-বাংলা এজেন্ট ব্যাংকিং গাংনী উপজেলা শাখা। আজ সকাল ৯ টায় গাংনী উপজেলা ডাচ-বাংলা এজেন্ট ব্যাংকিং শাখা কার্যালয় থেকে একটি মোটরসাইকেল র্যালি বের হয়।

র্যালির নেতৃত্বে দেন, এজেন্ট ব্যাংকের আঞ্চলিক ডিভিশনের প্রধান মোহাম্মদ তারেক সালাউদ্দীন।

র্যালিটি গাংনী উপজেলার বিভিন্ন গ্রাম ঘুরে শতভাগ নিরাপদ ব্যাংকিং বিষয়ে মাইকিং ও শতর্কতামুলক লিফলেট বিতরণ করা হয়। কর্মসুচীর উদ্বোধন করেন, ডাচ-বাংলা এজেন্ট ব্যাংকের আঞ্চলিক ডিভিশনের প্রধান মোহাম্মদ তারেক সালাউদ্দীন।

উপজেলার বিভিন্ন এলাকার মোট ১৩ টি এজেন্ট শাখায় গিয়ে জনসচেতনতা তৈরী করেন, ডাচ-বাংলা এজেন্ট ব্যাংকের এজেন্টগণ। নিরাপদ লেনদেন সম্পর্কে বিভিন্ন শ্রেণিপেশার মানুষকে ধারণা দেয়া হয়।

এসময় গাংনী উপজেলার মাস্টার এজেন্ট খোরশেদ আলমসহ বিভিন্ন এজেন্টগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জামাতে নামাজ ক্যাম্পেইনের উদ্বোধন

মেহেরপুরের ঘোষপাড়া সালাত কায়েম পরিষদের উদ্যোগে মাদকমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে ৪০ দিনের জামাতের সঙ্গে নামাজ পড়ার ক্যাম্পেইনের শুভ উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাতে ঘোষপাড়া জামে মসজিদ প্রাঙ্গণে দোয়া ও মোনাজাতের মধ্য দিয়ে এ

কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার সাবেক কাউন্সিলর মীর জাহাঙ্গীর আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঘোষপাড়া জামে মসজিদের সাধারণ সম্পাদক আসাদুল হক।

এ সময় আরও উপস্থিত ছিলেন ঘোষপাড়া সালাত কায়েম পরিষদের সাবেক সভাপতি শিপন বিশ্বাস, বর্তমান সভাপতি জান্নাত মীর, সেক্রেটারি আরিস বিশ্বাস, ক্যাশিয়ার সোহানুর রহমান সোহান, ধর্ম বিষয়ক সম্পাদক শাফিনুর রহমানসহ পরিষদের অন্যান্য সদস্য ও স্থানীয় মুসল্লিরা।

কর্মসূচির অংশ হিসেবে ঘোষণা করা হয়, নয় বছর থেকে আঠারো বছর বয়সী যে সকল কিশোর জামাতের সাথে পরপর ৪০ দিন পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করতে পারবে, তাদেরকে সাইকেল উপহার দেওয়া হবে।

আয়োজকরা জানান, তরুণ প্রজন্মকে মাদক ও অসামাজিক কার্যকলাপ থেকে দূরে রেখে নামাজের প্রতি আকৃষ্ট করাই এ ক্যাম্পেইনের মূল লক্ষ্য। নামাজের মাধ্যমে চরিত্র গঠন ও নৈতিকতা বৃদ্ধি পেলে সমাজ থেকে মাদকসহ নানা অপরাধ কমে আসবে বলে তারা আশা প্রকাশ করেন।

অনুষ্ঠান শেষে দেশ, জাতি, মুসলিম উম্মাহ ও মাদকমুক্ত সুন্দর সমাজ গঠনের উদ্দেশ্যে বিশেষ মোনাজাত করা হয়।

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশের বিশেষ স্বাস্থ্য ও পুষ্টি ক্যাম্পেইন অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির উদ্যোগে মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গণে বিশেষ স্বাস্থ্য ও পুষ্টি ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে স্বাস্থ্য ও পুষ্টি ক্যাম্পেইন অনুষ্ঠানের

সিডিপি ম্যানেজার বিপুল রেমার সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাইনাকোলজিস্ট ডা: সিনথিয়া আফরিন সিমি এবং খাদ্য ও পুষ্টিবিদ ফজলে রাব্বি।

হেলথ অফিসার আহসানুল হক সঞ্চালনায় ক্যাম্পেইনে আরও উপস্থিত ছিলেন, সিডিপির সিনিয়র এডমিন অফিসার উত্তম কুমার রায় এবং মেডিকেল অফিসার মেহেদী হাসান (সুইট)।

ক্যাম্পেইনের মূল কার্যক্রম মা ও শিশুদের স্বাস্থ্য বিষয়ে আলোচনা, পুষ্টিকর খাবারের উপকারিতা ও সুষম খাদ্যাভ্যাস বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হয়।

ক্যাম্পেইনে স্বল্পমূল্যে গাইনি রোগী দেখা এবং অপুষ্ট শিশুদের জন্য ডায়েট চার্ট প্রদান করা হয়ে।

এছাড়াও কমিউনিটির জন্য ৩০% ছাড়ে স্বাস্থ্য সুরক্ষা ও পুষ্টি প্যাকেজ সরবরাহ করা হয়ে।

গুডনেইবারস বাংলাদেশ জানায়, এই ক্যাম্পেইনের মাধ্যমে কমিউনিটির মধ্যে সুলভ সেবা, স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধি এবং পুষ্টি জ্ঞান সম্প্রসারণে গুরুত্বপূর্ণ অগ্রগতি সাধিত হয়েছে।

মুজিবনগরে স্বাস্থ্য প্রচারণা ও ব্লাড সুগার চেকিং ক্যাম্পেইন

মুজিবনগরে বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে মেডিসিন (ডায়াবেটিস) সংক্রান্ত বিশেষ স্বাস্থ্য সচেতনতা প্রচারণা ও ব্লাড সুগার চেকিং ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেলে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির আয়োজনে বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গণে এ কর্মসূচি আয়োজন করা হয়।

গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমার সভাপতিত্বে এবং অফিসার (হেলথ) মো. আহসানুল হকের উপস্থাপনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বল্লভপুর মিশন হাসপাতালের মেডিকেল অফিসার ডা. জীবন মন্ডল।

কর্মসূচিতে সিডিপির স্পন্সর শিশু, তাদের অভিভাবক, মা এবং স্থানীয় কমিউনিটির মোট ১০০ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ডায়াবেটিস সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আলোচনা, প্রশ্নোত্তর পর্ব, জীবনধারা পরিবর্তন সংক্রান্ত পরামর্শ এবং প্রতিরোধমূলক স্বাস্থ্য নির্দেশনা প্রদান করা হয়।

অনুষ্ঠানের অংশ হিসেবে ডায়াবেটিস সচেতনতা ও রক্তে গ্লুকোজ পরিমাপ (চেক-আপ) ক্যাম্পেইন পরিচালনা করা হয়, যেখানে ৮৪ জন স্বল্পমূল্যে চেক-আপ সেবা নেন। ক্যাম্পেইন পরিচালনা করেন অফিসার (হেলথ) মো. আহসানুল হক।

এছাড়াও বিশেষ স্বাস্থ্যসেবা ক্যাম্প আয়োজন করা হয়, যেখানে ৩৪ জন রোগী চিকিৎসা, চিকিৎসা-সংক্রান্ত পরামর্শ এবং প্রয়োজনীয় স্বাস্থ্য নির্দেশনা গ্রহণ করেন। এই সেবা প্রদান করেন ডা. জীবন মন্ডল।

গুডনেইবার্স বাংলাদেশ জানায়, কমিউনিটির স্বাস্থ্য উন্নয়ন, সচেতনতা বৃদ্ধি এবং মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে তারা সবসময় প্রতিশ্রুতিবদ্ধ। ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হবে।

আলমডাঙ্গা ডাচ-বাংলা এজেন্ট ব্যাংকিং এর সচেতনতা ক্যাম্পেইন

আলমডাঙ্গায় ডাচ-বাংলা ব্যাংক এজেন্ট ব্যাংকিং-এর গ্রাহক সচেতনতা ক্যাম্পেইন ও র্যালি অনুষ্ঠিত হয়েছে। গ্রামীণ জনগণের মাঝে

ব্যাংকিং সেবা পৌঁছে দিতে ডাচ-বাংলা ব্যাংকের অনন্য উদ্যোগে এই ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলায় সকাল ৯টায় শুভ উদ্বোধনের মধ্য দিয়ে এ কর্মসূচির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। উদ্বোধন করেন, জনাব মুহাম্মদ তারেক সালাউদ্দিন, রিজিওনাল হেড, এজেন্ট ব্যাংকিং ডিভিশন, কুষ্টিয়া অঞ্চল।

এসময় উপস্থিত ছিলেন, ডাচ-বাংলা এজেন্ট ব্যাংক কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা জেলার সিনিয়র এরিয়া ম্যানেজার মোঃ সুলাইমান হোসেন, আলমডাঙ্গা ডাচ-বাংলা এজেন্ট ব্যাংকিং এর পরিচালক আমিরুল ইসলাম মন্টু, উপজেলা এলাকার বিভিন্ন এজেন্ট ব্যাংকিং প্রতিনিধিবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

উদ্বোধনের পরপরই সুসজ্জিত মোটরসাইকেল বহরের মাধ্যমে একটি র্যালি বের করা হয়। র্যালিটি আলমডাঙ্গা উপজেলার বিভিন্ন গ্রাম, বাজার ও জনবহুল এলাকায় ঘুরে বেড়ায়। র্যালির সঙ্গে মাইক ও ব্যানারের মাধ্যমে প্রচার করা হয় “ডাচ-বাংলা ব্যাংক এজেন্ট ব্যাংকিং—গ্রামেগঞ্জে নিরাপদ ব্যাংকিং সেবা ” এই প্রতিপাদ্য বিষয় সামনে রেখে।

নিরাপদ লেনদেনের প্রতি আস্থা বৃদ্ধি করা দিনব্যাপী এই কর্মসূচি চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার গুরুত্বপূর্ণ গ্রাম ও বাজারসমূহে পরিচালিত হয়। মুন্সিগঞ্জ বাজার, বড়গাংনী বাজার, আসমানখালী বাজার, ভাংবাড়িয়া বাজার, হাটবোয়ালিয়া বাজার, ওসমানপুর বাজার, আলমডাঙ্গা বাজার। হাটবোয়ালিয়া বাজারে কার্যক্রমে বিশেষ ভূমিকা পালন করেন স্থানীয় ডাচ-বাংলা ব্যাংক এজেন্ট ব্যাংক মালিক মোঃ হাফিজুর রহমান।

দামুড়হুদায় অটোমেটেড ভূমি

সেবা সংক্রান্ত ক্যাম্পেইনের উদ্বোধন

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ও পারকেষ্টপুর-মদনা ইউনিয়নে পৃথকভাবে অটোমেটেড ভূমি সেবা সিস্টেমে তথ্য সন্নিবেশ ও সংশোধন সংক্রান্ত দুই দিনব্যাপী ক্যাম্পেইনের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০টার দিকে সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট কে. এইচ. তাসফিকুর রহমানের সভাপতিত্বে কার্পাসডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ে এবং দুপুর ১২টার দিকে ছয়ঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে ক্যাম্পেইনের উদ্বোধন করেন তিনি।
উদ্বোধন শেষে সরাসরি এসিল্যান্ডের কাছ থেকে হাতে-কলমে পরামর্শ ও সেবা পেয়ে খুশি হন একাধিক জমির মালিকসহ সেবা গ্রহীতারা।
জমি সংক্রান্ত বিষয়ে জনগণের ভোগান্তির কথা উল্লেখ করে সহকারী কমিশনার (ভূমি) বলেন, ভূমি সংক্রান্ত দুর্নীতি দূরীকরণে ভূমি মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলেই আন্তরিকতার সঙ্গে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আমাদের দেশের অধিকাংশ বিরোধের মূল কারণই ভূমিকে কেন্দ্র করে। ভূমি ব্যবস্থাপনাকে ডিজিটালাইজ করার মাধ্যমে এই সমস্যাগুলো হ্রাস করা সম্ভব হবে। অটোমেটেড ভূমি সেবা সিস্টেম শতভাগ চালু হলে জমির মালিকরা সহজেই ভূমি সেবা পাবেন।
তিনি আরও বলেন, ভূমি সেবার আধুনিকায়ন, জমির মালিকদের তথ্যের সঠিক সংরক্ষণ এবং ডিজিটাল পদ্ধতিতে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে এ উদ্যোগ নেওয়া হয়েছে।
জানা যায়, ভূমি মন্ত্রণালয়ের অধীনস্থ ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প ও দামুড়হুদা উপজেলা ভূমি কার্যালয়, ইউএনডিপি বাংলাদেশের যৌথ উদ্যোগে কার্পাসডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় ও পারকেষ্টপুর-মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে ২৩ ও ২৪ অক্টোবর এই দুই দিনব্যাপী ক্যাম্পেইনের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, কার্পাসডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা জেসমিন আক্তার, কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মনিরুজ্জামান, কার্পাসডাঙ্গা ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা আব্দুর রশিদ, দর্শনা ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা সাদ আহমেদ, দামুড়হুদা সহকারী ভূমি কার্যালয়ের প্রধান সহকারী কাম হিসাব

রক্ষক সোহেল রানা, সার্ভেয়ার সুজন মোল্লা, প্রকল্প সমন্বয়ক জামাল উদ্দিন, ইউএনডিপি প্রতিনিধি, ইউপি সদস্য, রাজনৈতিক ব্যক্তিবর্গসহ শতাধিক সেবা গ্রহীতা ও সাংবাদিকবৃন্দ। ক্যাম্পেইনে কর্মকর্তারা জানান, এই উদ্যোগের মাধ্যমে উপজেলার ভূমি মালিকরা বিনামূল্যে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারবেন, নিজ নামে প্রোফাইল তৈরি করতে পারবেন এবং জাতীয় পরিচয়পত্র ও নিজস্ব মোবাইল নম্বর সংযুক্ত করতে পারবেন।
সেবা গ্রহণের জন্য ভূমি মালিকদের অবশ্যই জাতীয় পরিচয়পত্র, নিজ ব্যবহৃত সচল মোবাইল নম্বর ও নামজারি পর্চা সঙ্গে আনতে হবে। উপজেলার বাকি ইউনিয়নগুলোতে পরবর্তী সময়ে ক্যাম্পেইনের তারিখ জানিয়ে দেওয়া হবে বলেও কর্মকর্তারা জানান।
সেবা গ্রহীতারা জানান, এখানে এসে সরাসরি ভূমি কর্মকর্তার কাছ থেকে গুরুত্বপূর্ণ পরামর্শ পেয়ে তারা আনন্দিত। অনেক জমির মালিক এই উদ্যোগ থেকে উপকৃত হবেন বলে আশা প্রকাশ করেন তারা। উপস্থিত অতিথিবৃন্দ বলেন, এ ধরনের উদ্যোগ ভূমি সেবা ব্যবস্থাপনার স্বচ্ছতা, দক্ষতা ও জনসেবার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

মেহেরপুরে আয়োজিত হলো গ্রীন স্কুল ক্যাম্পেইন

মেহেরপুর জেলা পরিবেশ অধিদপ্তর কর্তৃক গতকাল মঙ্গলবার তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে মেহেরপুর সরকারী বালিকা বিদ্যালয়ে গ্রীণ স্কুল ক্যাম্পেইন কার্যক্রম ও আলোচনা সভার আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সরকারী বালিকা বিদ্যালয় এর প্রধান শিক্ষক মো: আব্দুল লতিফ (ভারপ্রাপ্ত), সভাপতির দায়িত্ব পালন করেন পরিবেশ অধিদপ্তর, মেহেরপুর জেলার সহকারী পরিচালক শেখ কামাল মেহেদী।

এছাড়াও অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ইউথ নেট গ্লোবালের মেহেরপুর সদর উপজেলার কো-অর্ডিনেটর মোঃ লাবিব হাসান ও মেহেরপুর জেলার

সাব কো-অর্ডিনেটর মোনায়েম হোসেন এবং মেহেরপুর সমাজ ও পরিবেশ উন্নয়ন সংগঠনের প্রতিনিধি সুজন হোসেন । পরিবেশ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শেখ কামাল মেহেদী অনুষ্ঠান সঞ্চালনা করেন ও সচেতনতামূলক পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। গ্রীণ স্কুল ক্যাম্পেইন কার্যক্রম অনুষ্ঠানে মেহেরপুর সরকারী বালিকা বিদ্যালয়, মেহেরপুর এর ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মো: আব্দুল লতিফ ৮ম ও নবম-দশম শিক্ষার্থীদের পরিবেশ বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন।

পরিবেশ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শেখ কামাল মেহেদী অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে পরিবেশ আইন, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, বৃক্ষরোপণের গুরুত্ব, শব্দ দূষণ, বায়ু দূষণ, মাটি দূষণ ও সিঙ্গেল ইউজ প্লাস্টিক সম্পর্কে বক্তব্য উপস্থাপন করেন। এছাড়াও শিক্ষার্থীদের মাঝে লেখাপড়ার পাশাপাশি পারিবারিক ও সামাজিক দায়িত্বের পালন ও সামাজিক সুরক্ষামূলক কর্মকান্ডে অংশগ্রহণের জন্য আহবান জানান।

ইউথ নেট গ্লোবালের মেহেরপুর জেলার সাব কো-অর্ডিনেটর মোনায়েম হোসেন পাওয়ার পয়েন্ট এ কঠিন, তরল বর্জ্য, সিঙ্গেল ইউজ প্লাস্টিক ও গৃহস্থলীর বর্জ্য সম্পর্কে তার মূল্যবান মতামত উপস্থাপন করেন । এছাড়া মেহেরপুর সমাজ ও পরিবেশ উন্নয়ন সংগঠনের প্রতিনিধি জনাব সুজন হোসেন বর্জ্য হ্রাস, নবায়ন শক্তির ব্যবহার, বর্জ্য পুনঃব্যবহার, বিভিন্ন হস্ত শিল্প ও প্লাস্টিক বর্জন এবং প্লাস্টিকের বিকল্প ব্যবহার সম্পর্কে তার মূল্যবান বক্তব্য উপস্থাপন করেন ।

মেহেরপুরে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনের উদ্বোধন

মেহেরপুর স্বাস্থ্য বিভাগের উদ্যোগে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনের উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকালে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের মিলনায়তনে

একজন ছাত্রীকে টিকা প্রদানের মাধ্যমে জেলা পর্যায়ে এ ক্যাম্পেইনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. আবু সাঈদ, অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আরা, জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক সিরাজুম মুনির, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপপরিচালক আব্দুস সাত্তার, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. রোমানা হেলালী জুশি, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা তৌহিদুল ইসলাম এবং মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল লতিফসহ অন্যান্য কর্মকর্তারা।

মেহেরপুর জেলায় ৯ মাস থেকে ১৫ বছর বয়সী ১ লাখ ৬৮ হাজার ২৯৭ জন শিশুকে টিকা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে মেহেরপুর সদর উপজেলায় ৮০ হাজার ১৪৫ জন, গাংনী উপজেলায় ৪৭ হাজার ৯৪৩ জন, মুজিবনগর উপজেলায় ২৬ হাজার ৯৩৮ জন এবং মেহেরপুর পৌরসভায় ১৩ হাজার ২৭১ জন।

তবে এখন পর্যন্ত জেলায় মোট ৭১ হাজার ১৬৯ জন শিশুর রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। এর মধ্যে সদর উপজেলায় ২৭ হাজার ৭২৫ জন, গাংনী উপজেলায় ২৮ হাজার ৭৪৫ জন এবং মুজিবনগর উপজেলায় ৮ হাজার ৯৭৫ জন।

মুজিবনগরে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনের উদ্বোধন

মুজিবনগরে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনের উদ্বোধন করা হয়েছে। রবিবার সকালে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য বিভাগের আয়োজনে দারিয়াপুর সরকারি বালিকা বিদ্যালয়ের মিলনায়তনে একজন ছাত্রীকে টিকা প্রদানের মাধ্যমে উপজেলা পর্যায়ে ক্যাম্পেইনের আনুষ্ঠানিক

উদ্বোধন করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আসাদুজ্জামান।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাফিজুর রহমান, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স এবং দারিয়াপুর সরকারি প্রাথমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছা. আওলিয়া খাতুন।

ক্যাম্পেইন উপলক্ষে মুজিবনগরে স্কুল পর্যায়ে ৮৮টি টিকা কেন্দ্রে ১৬,২৭৮ জন ছাত্রছাত্রী টিকা গ্রহণ করবে। কমিউনিটি টিকাদান কেন্দ্র ৯৬টি, মোট টিকা গ্রহণকারী সংখ্যা ২৫,৩৪৫ জন, মোট টিকা কেন্দ্র, ১৮৪টি, মোট টিকা গ্রহণকারী শিশু সংখ্যা ৪১,৬২৩ জন।

মেহেরপুর জেলায় ৯ মাস থেকে ১৫ বছর বয়সী মোট ১ লাখ ৬৮ হাজার ২৯৭ জন শিশুর টিকাদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে মেহেরপুর সদর উপজেলা ৮০,১৪৫ জন, গাংনী উপজেলা ৪৭,৯৪৩ জন, মুজিবনগর উপজেলা ২৬,৯৩৮ জন ও মেহেরপুর পৌরসভায় ১৩,২৭১ জন।

তবে রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে মোট ৭১,১৬৯ জনের। এর মধ্যে সদর উপজেলা ২৭,৭২৫ জন, গাংনী উপজেলা ২৮,৭৪৫ জন, মুজিবনগর উপজেলা ৮,৯৭৫ জন।